রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৩, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিশেষ কার্যাদি (কল্যাণ) মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২রা পৌষ, ১৩৯৭/১৭ই ডিসেম্বর, ১৯৯০**

এস, আর, ও নং ৪৩১-আইন/৯০—রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯ নং আইন)-এর ধারা ৬৮(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।**—এই বিধিমালা রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ (পরিদর্শন) বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "পরিদর্শনকারী কর্মকর্তা" অর্থ সরকার কর্তৃক নিযুক্ত কোন কর্মকর্তা।

(২) এই বিধিমালায় ব্যবহৃত অন্যান্য শব্দ ও অভিব্যক্তিসমূহ রাংগামাটি স্থানীয় সরকার পরিষদ আইন (১৯৮৯ সনের ১৯ নং আইন)-এর ধারা ২এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই একই অর্থ বহন করিবে।

৩। **বার্ষিক পরিদর্শন।**—প্রত্যেক স্থানীয় সরকার পরিষদ বিধি ২-এর উপ-বিধি(১)-এর দফা (ক)-এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক বৎসরে অন্ততঃপক্ষে একবার পরিদর্শিত হইবে।

৪। **পরিদর্শনকারী কর্মকর্তার ক্ষমতা।**—পরিদর্শন সময়কালে প্রত্যেক পরিদর্শন কর্মকর্তা স্থানীয় সরকার পরিষদের সকল বহি, সভার কার্যবিবরণী এবং নথি পরীক্ষার অধিকারী হইবেন।



মূল্য : ৩০ পয়সা

অনুরূপ পরিদর্শন সময়কালে সংশ্লিষ্ট স্থানীয় পরিষদ প্রয়োজনবোধে, নগদ অর্থ (ক্যাশ ব্যালান্স ইন হ্যান্ড) পরীক্ষা-নিরীক্ষার জন্য পরিদর্শনকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করিবেন।

৫। **পরিদর্শন প্রতিবেদন।**—পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক সম্পাদিত অনুরূপ একটি পরিদর্শন প্রতিবেদন অবশ্যই লিখিত হইতে এবং উহার একটি করিয়া অনুলিপি সংশ্লিষ্ট পরিষদের চেয়ারম্যান ও সরকারের নিকট অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করিতে হইবে।

৬। **সম্পদ, প্রকল্প, স্কীম এবং অন্যান্য বিষয়ের উপর পরিদর্শন।**—(১) প্রত্যেক পরিদর্শনকারী কর্মকর্তা তাহার স্বীয় এখতিয়ারাধীনে পরিদর্শনের জন্য নিম্নোক্ত ক্ষমতা থাকিবেঃ

(ক) কোন স্থানীয় পরিষদ কর্তৃক ব্যবহৃত বা দখলকৃত কোন স্থাবর সম্পত্তি অথবা উক্ত পরিষদের নির্দেশাধীনে কোন সম্পূর্ণ বা উহার আংশিক সম্পাদিত কাজের পরিদর্শন করিতে পারিবেন;

(খ) উক্ত পরিষদের নিয়ন্ত্রণাধীনে বা দখলে কোন বহি বা দলিল লিখিত আদেশ দ্বারা চাহিয়া পাঠাইতে এবং পরিদর্শন করিতে পারিবেন;

(গ) উক্ত স্থানীয় সরকার পরিষদের নিকট অনুরূপ বিবরণী, হিসাব, প্রতিবেদন অথবা উহার সভার কার্যবিবরণী সম্পর্কিত দলিলাদির অনুলিপি অথবা উপযুক্ত মনে করিলে পরিষদের কার্যাবলী প্রদানের জন্য লিখিত আদেশ দ্বারা চাহিতে পারিবেন; এবং

(ঘ) উপযুক্ত মনে করিলে পরিষদের বিবেচনার জন্য উহার কার্যবিবরণী বা কার্যাবলী সম্পর্কে লিখিতভাবে মন্তব্য লিপিবদ্ধ করিতে পারিবেন।

(২) স্থানীয় সরকার পরিষদের খরচে নির্মিত বা রক্ষিত সম্পূর্ণ বা উহার আংশিক কোন প্রকল্প/স্কীম এবং তৎসংক্রান্ত সকল রেজিস্টার, বহি, হিসাব বা অন্যান্য দলিলাদি সর্বক্ষণ পরিদর্শনকারী কর্মকর্তার নিকট পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিবে।

৭। **রহিতকরণ।**—এই বিধিমালা দ্বারা পার্বত্য জেলাসমূহে Local Councils (Inspection) Rule, 1961-এর প্রয়োগ রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাজেম আহমেদ চৌধুরী
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
খোন্দকার মাহফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।